**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
বাণিজ্য মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mincom.gov.bd

নম্বর ২৬.০০.০০০০.০৮৬.০০৩.১২ (অংশ-১).১৬৭(ক)

তারিখঃ ০৩ ফাল্গুন ১৪২৮ / ১৬ ফেব্রুয়ারি ২০২২

**বিষয়ঃ বিদেশস্থ বাংলাদেশ দূতাবাস/হাইকমিশন/কনসাল জেনারেল অফিসের বাণিজ্যিক উইংসমূহে সহায়ক পদে কর্মকর্তা/কর্মচারি নিয়োগ/পদায়ন সংক্রান্ত নীতিমালা-২০২২**

বিদেশস্থ বাংলাদেশ দূতাবাস/হাইকমিশন/কনসাল জেনারেল অফিসের বাণিজ্যিক উইংসমূহে সহায়ক পদ (প্রশাসনিক কর্মকর্তা, ব্যক্তিগত কর্মকর্তা, সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর ও অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক) নিয়োগের ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করা হবে:

(১) বিদেশস্থ বাংলাদেশ দূতাবাস/হাইকমিশন/কনসাল জেনারেল অফিসের বাণিজ্যিক উইংয়ের শূন্য/পূরণযোগ্য পদে নিয়োগ প্রদানের উদ্দ্যেশ্যে কর্মকর্তা/কর্মচারিগণের (প্রশাসনিক কর্মকর্তা, ব্যক্তিগত কর্মকর্তা, সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর ও অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক) মধ্য হতে নির্ধারিত ফরমে (সংযোজনী-১) আবেদন করতে হবে।

(২) দরখাস্ত আহবানের তারিখে চাকুরী হতে অবসর গ্রহণ করার মেয়াদ ৫ (পাঁচ) বছরের কম রয়েছে এরুপ কর্মকর্তা/কর্মচারি বাণিজ্যিক উইংয়ের কোন পদে নিয়োগ/পদায়নের জন্য বিবেচিত হবে না;

(৩) ০১-০১-১৯৯২ তারিখের পর জন্মগ্রহণকারী সন্তানসহ যাদের সন্তান সংখ্যা দুই এর অধিক তাদের আবেদন বিবেচনাযোগ্য হবে না;

(৪) আবেদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারির চাকুরি স্থায়ী হতে হবে এবং মন্ত্রণালয়ে স্বপদে যোগদানের তারিখ থেকে ন্যূনতম চার বছর চাকুরি সম্পন্ন করতে হবে;

(৫) ভাষাগত/যোগাযোগ দক্ষতা, তথ্যপ্রযুক্তি সর্ম্পকে সম্যক জ্ঞান ও ব্যবহারের অভিজ্ঞতা (এম. এস. ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট, ই-মেইল, ওয়েবসাইট ও নেট ব্রাউজিং ইত্যাদি) সম্পর্কে অবশ্যই সম্যক ধারণা থাকতে হবে;

৬) বিদেশস্থ বাংলাদেশ মিশনে নিয়োগের সর্বোচ্চ মেয়াদকাল ৪ (চার) বছর। কর্মচারি নিয়োগের মেয়াদ ৪ (চার) বছর পূর্তির ৬ (ছয়) মাস পূর্ব হতে উক্ত পদে নতুন কর্মকর্তা/কর্মচারি নির্বাচনের প্রক্রিয়া শুরু করতে হবে, যাতে কর্মরত কর্মকর্তা/কর্মচারিগণের মিশনে চাকুরির মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে উক্ত পদে নতুন নিয়োগকৃত কর্মকর্তা/কর্মচারি কার্যভার গ্রহণ করতে পারেন।

(৭) কোন কর্মকর্তা/কর্মচারি নির্দিষ্ট বাণিজ্যিক উইংয়ে বদলী/নিয়োগের জন্য নির্বাচিত হয়ে যুক্তিযুক্ত কারণ ব্যতিরেকে যোগদান অনিচ্ছা প্রকাশ করলে তিনি ভবিষ্যতে আর কোন বাণিজ্যিক উইং-এ নির্বাচনের জন্য বিবেচিত হবে না;

(৮) বিদেশে পোষ্টিং হতে প্রত্যাবর্তনের ০৩ (তিন) বছরের মধ্যে সাধারণতঃ কোন কর্মচারিকে পুন:নিয়োগ করা হবে না। তবে মেয়াদ পূর্তির পূর্বেই জনস্বার্থে কোন কর্মচারিকে বিদেশে পোষ্টিং হতে দেশে বদলী করা হলে অথবা কোন যোগ্য কর্মচারি পাওয়া না গেলে সেক্ষেত্রে ০৩ (তিন) বৎসর পূর্তির পূর্বেই পুনঃনিয়োগ বিবেচনা করা যেতে পারে;

(৯) কোন কর্মকর্তা /কর্মচারি মিশনে নিয়োগের জন্য যোগ্য বিবেচিত হবে না যদি-

(ক) বিভাগীয় মামলা চলমান থাকে/ বিভাগীয় মামলায় শাস্তি প্রাপ্ত হয়ে থাকে;
(খ) দুর্নীতি সংক্রান্ত কোন মামলা চলমান থাকে;কিংবা
(গ) কোন ফৌজদারি মামলায় দণ্ডপ্রাপ্ত বা অভিযুক্ত হয়ে থাকে;
(ঘ) যদি কোন কর্মচারি ইতিপূর্বে কোন মিশনে কাজ করে দেশে প্রত্যাবর্তনের পর তাদের টিএ/ডিএ বিল দাখিল, পরিশোধ এবং সমন্বয় না করে থাকে;

(১০) নির্বাচনের ক্ষেত্রে ৭৫ নম্বরে প্রার্থীদের মূল্যায়ন করা হবে; এ নম্বর বিভাজন নিম্নরুপ:

**(ক) বার্ষিক গোপনীয় প্রতিবেদনসহ চাকুরীর রেকর্ডপত্র পর্যালোচনা : ২০ নম্বর**

সংশ্লিষ্ট পদে সর্বশেষ ০৪ বছরের বার্ষিক গোপনীয় প্রতিবেদনসহ রেকর্ডপত্র পর্যালোচনা **(প্রতি বছরের জন্য)**

| **মন্তব্য** | **মান** |
|---|---|
| অত্যুত্তম | ৫ |
| উত্তম | ৪ |
| চলতিমান | ৩ |
| চলতিমানের নিম্নে | ০ |

**(খ) শিক্ষাগত যোগ্যতা: ১০ নম্বর**

| **পরীক্ষার নাম** | **প্রাপ্ত বিভাগ** | **নম্বরের বিভাজন** |
|---|---|---|
| এস. এস. সি | ১ম বিভাগ | ৪ |
| | ২য় বিভাগ | ৩ |
| | ৩য় বিভাগ | ২ |
| এইচ. এস. সি | ১ম বিভাগ | ৪ |
| | ২য় বিভাগ | ৩ |
| | ৩য় বিভাগ | ২ |
| ডিগ্রী/অনার্স | ১ম বিভাগ | ২ |
| | ২য় বিভাগ | ১.৫ |
| | ৩য় বিভাগ | ১ |

**(গ) প্রাকটিক্যাল পরীক্ষা: ২০ নম্বর**
**(ঘ) মৌখিক পরীক্ষা: ১০ নম্বর**
**(ঙ) জ্যেষ্ঠতা: ১৫ নম্বর**

| **সংশ্লিষ্ট পদে চাকরির মেয়াদ** | **নম্বরের বিভাজন** |
|---|---|
| ৪ বছর - ৮ বছর | ৭ |
| ৯ বছর - ১৫ বছর | ১০ |
| ১৬ বছর - ২০ বছর | ১২ |
| ২০ এর উর্ধ্বে | ১৫ |

**মোট: ৭৫ নম্বর**

(১১) মিশনে কর্মকর্তা/কর্মচারি নির্বাচনের জন্য নিম্নরূপ একটি বাছাই কমিটি থাকবে:

ক) অতিরিক্ত সচিব (প্রশাসন) .... - সভাপতি
খ) অতিরিক্ত সচিব /যুগ্মসচিব (রপ্তানি ১ অধিশাখা) - সদস্য
গ) যুগ্মসচিব (এফটিএ ১ অধিশাখা) - সদস্য
ঘ) পরিচালক (ডব্লিউটিও সেল) ........ - সদস্য
ঙ) উপসচিব (প্রশাসন-১)............... - সদস্য সচিব

(১২) নির্বাচন কমিটি নীতিমালার ১০ অনুচ্ছেদ প্রতিপালনপূর্বক পরীক্ষা গ্রহণসহ উল্লিখিত বিভাজন অনুযায়ী প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে কর্মকর্তা/কর্মচারিগণকে বাণিজ্যিক উইং এ নিয়োগের সুপারিশ প্রণয়ণপূর্বক যথাযথ কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করবে।

(১৩) এতদ্বারা ইতোপূর্বে এতদসংক্রান্ত অনুসৃত নীতিমালা নং বামসিই-৭(২)/২০০৩-র-৩ তারিখ ১০ নভেম্বর ২০০৪ এবং স্মারক নং ২৬.০০.০০০০.০৮৬.০০৩.১২(অংশ-১).৫৩(ক), ১৯ জানুয়ারি ২০২২ তারিখের আদেশ বাতিল বলে গণ্য হবে।

15/2/22

(তপন কান্তি ঘোষ)
সিনিয়র সচিব
বাণিজ্য মন্ত্রণালয়